দৈনিক বাংলা

তারিখ ... 30 JAN 1990

পৃষ্ঠা ... 9 ... কলাম ... 2

# ইসলামী ভার্সিটি স্থানান্তর আদেশ রদ না হলে গাজীপুরে সর্বাত্মক হরতাল

(নিজস্ব সংবাদদাতা)

টঙ্গী, ২৮শে জানুয়ারী।– ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ কমিটি স্থানান্তর আদেশ বৃহস্পতিবার রাত ১২টার মধ্যে বাতিলের ঘোষণা করা না হলে গাজীপুর জেলায় সর্বাত্মক হরতালের কর্মসূচী ঘোষণা করেছে।

গত ২৫শে জানুয়ারী বিকালে টঙ্গী বাজারে প্রতিরোধ কমিটির উদ্যোগে এক জনসমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে কুষ্টিয়া স্থানান্তরের আদেশ অবিলম্বে বাতিলের দাবী জানানো হয়।

ডঃ আব্দুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন গাজীপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ, ক, ম, মোজাম্মেল হক, বি এন পির সম্পাদক অধ্যাপক এম, এ, মান্নান, ছাত্রনেতা নাসিরুদ্দীন, রানা আহমদ, মাহবুব আলম প্রমূখ। হরতালের আওতায় রয়েছে যানবাহন, শিক্ষাপ্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান, অফিস ও কলকারখানা।